



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com



তারিখ: ২০.০৫.২০২৪ খ্রি:

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি বিজ্ঞপ্তি

মুরারিচাঁদ কলেজ সিলেট-এ ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামী শিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, পদার্থবিজ্ঞান, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, মনোবিজ্ঞান, পরিসংখ্যান ও গণিত বিষয়ে নিম্নোক্ত সময় অনুযায়ী কলেজে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য শিক্ষার্থীদের নির্দেশ দেয়া গেল।

১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত ২য় রিলিজ স্লিপ তালিকায় বিষয় ভিত্তিক নির্বাচিত আবেদনকারীরা মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি হতে পারবে।

২। আবেদনের নিয়ম:

মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের নিম্নবর্ণিত website-এ প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে হবে;
www.nu.edu.bd/admissions

৩। শিক্ষার্থী কর্তৃক কার্যসম্পাদনের ধাপসমূহ :

ধাপ-১: Online- এ আবেদন ফরম সঠিকভাবে পূরণপূর্বক submit করে A4 সাইজের অফসেট কাগজে এর প্রিন্ট আউট নিতে হবে।

ধাপ-২: উক্ত প্রিন্ট আউট নিয়ে "সোনালী ই সেবা"এর মাধ্যমে টাকা পরিশোধ করতে হবে এবং সংশ্লিষ্ট আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রিন্ট আউট ও আবেদন ফরম নিজ নিজ বিভাগে ২১.০৫.২০২৪ হতে ২৭.০৫.২০২৪ তারিখের মধ্যে জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীকে ২৭.০৫.২০২৪ তারিখ রাত ১২.০০ টার মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

৪। প্রয়োজনীয় কাগজপত্র (অনলাইন প্রিন্ট কপির সাথে ০১ সেট সংযুক্ত করতে হবে):

- ক) স্নাতক সম্মান/ মাস্টার্স ১ম পর্ব বা সমমান পাশের মূল নম্বরপত্র, সনদপত্র ও রেজি: কার্ডের ফটোকপি (০১ সেট);
খ) অনলাইন আবেদনের প্রিন্ট কপির নির্দিষ্ট স্থানে সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি সংযুক্ত করতে হবে।

সোনালী ই-সেবায় টাকা জমাদানের পদ্ধতি:

শিক্ষার্থীরা <https://sbl.com.bd:7070> লিংকে প্রবেশ করে অথবা সোনালী ই-সেবা (Sonali eSheba) মোবাইল অ্যাপের "National University Fees" মেনু থেকে "Admission Fee" বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ভর্তি ফি পরিশোধ করতে হবে। ভর্তি ফি পরিশোধের পর প্রাপ্ত পেইমেন্ট স্লিপ (Payment Slip) শিক্ষার্থীরা সংরক্ষণ করবে।

৫। ভর্তি ফি নিম্নরূপ:

বিভাগ	শিক্ষার্থীর ধর্ম	ভর্তি ফি	সেমিনার ফি	আইসিটি ফি	মোট	
					আইসিটি ব্যতীত	আইসিটিসহ
এম.এ/ এম.এস.এস	মুসলিম শিক্ষার্থী	৪২০০/-	৪০০/-	২৪০০/-	৪৬০০/-	৭০০০/-
	অন্যান্য ধর্মালম্বী শিক্ষার্থী	৪২০৫/-	৪০০/-	২৪০০/-	৪৬০৫/-	৭০০৫/-
এম.এস-সি	মুসলিম শিক্ষার্থী	৪৩০০/-	৫৫০/-	২৪০০/-	৪৮৫০/-	৭২৫০/-
	অন্যান্য ধর্মালম্বী শিক্ষার্থী	৪৩০৫/-	৫৫০/-	২৪০০/-	৪৮৫৫/-	৭২৫৫/-

বিঃদ্র: যে সকল শিক্ষার্থী আইসিটি নিতে ইচ্ছুক তাদেরকে আইসিটি ফি বাবদ অতিরিক্ত ২৪০০/- টাকা জমা দিতে হবে। "সোনালী ই-সেবা"এর মাধ্যমে সকল ফি জমা করে ভর্তি ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র প্রতিদিন সকাল ১০.০০ থেকে দুপুর ২.০০ টার মধ্যে নিজ নিজ বিভাগে জমা দিতে হবে।

ভর্তি ও আইসিটি ফি সোনালী ই সেবার মাধ্যমে পরিশোধ করে সোনালী ই সেবার স্লিপ এর কলেজ অংশ বিভাগে জমা দিতে হবে এবং শিক্ষার্থীর অংশ নিজের কাছে সংরক্ষণ করতে হবে।

৬। ভর্তি কার্যক্রম সম্পন্নকরণ এবং ভর্তি ফি ও আইসিটি ফি "সোনালী ই-সেবায়" জমা দেওয়ার সময়সূচি:

ক্রমিক	তারিখ ও সময়	বিষয়
০১	২১.০৫.২০২৪ থেকে ২৭.০৫.২০২৪ খ্রি. পর্যন্ত সরকারি ছুটির দিন ব্যতীত	সকল বিষয়

বিঃদ্র: পূর্বে ভর্তিকৃত কোন শিক্ষার্থী আইসিটি নিতে ইচ্ছুক হলে উক্ত তারিখের মধ্যে বিভাগে যোগাযোগ করার জন্য নির্দেশ দেওয়া হলো।

অধ্যক্ষ

মুরারিচাঁদ কলেজ, সিলেট

মুরারিচাঁদ কলেজ, সিলেট।